



মো: মাকরুজ্জামান
বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ
ওয়েবসাইট: www.mpa.gov.bd

“সংবাদ বিজ্ঞপ্তি”

গত ২৩ নভেম্বর ২০২২ ইং তারিখে এমভি মাস্টার দিদার-১ নামক একটি কার্গো জাহাজ এইচ-৬এ তে নোঞ্জরত IVS HAYAKITA জাহাজ থেকে ৬০০ মে: টন লাইম স্টোন বোঝাই করে মোংলার দিকে আসার পথে রাত্র আনুমানিক ০৯:০০ ঘটিকায় হারবারিয়া বয়া নং-০২ এর কাছে নোঞ্জর করা বসুন্ধরা গ্রন্থপের বিএল-৩৮ জাহাজের সাথে সংঘর্ষ লিপ্ত হয়ে তাৎক্ষণাত ঘটনাস্থলে ডুবে যায়। বিএল-৩৮ ডুবে যাওয়া এমভি মাস্টার দিদার-১ এর মাস্টারসহ সকল ক্রুদের উদ্ধার করে। উল্লেখ্য এমভি মাস্টার দিদার-১ এর সার্ভে সনদ গত ০১ জানুয়ারি ২০২১ ইং তারিখে উত্তীর্ণ হয়ে যায় এবং জাহাজটি অবৈধভাবে বাণিজ্যিক জাহাজ হতে পণ্য খালাস করে আসছিল। মোংলা বন্দরের হারবার মাস্টার ক্যাপ্টেন এম শাহীন মজিদ, (জি), পিএসসি, বিএন ঘটনাস্থল সরেজমিনে পরিদর্শন করেন এবং নিরাপদ জাহাজ চলাচলের জন্য একটি বিশেষ বয়া স্থাপন করেন। বর্তমানে উক্ত স্থানে বাণিজ্যিক জাহাজ চলাচল সম্পূর্ণ নিরাপদ। ডুবে যাওয়া কার্গো জাহাজটিকে উদ্ধার এর জন্য স্যালভেজের কার্যক্রম চলমান এবং অতিদ্রুত চ্যানেল থেকে কার্গো জাহাজটিকে অপসারণ করা হবে। এমভি মাস্টার দিদার-১ এর মালিক মোঃ দেলোয়ার হোসেন, জিয়াউর রহমান এবং আনিসুর রহমানের বিরুদ্ধে ফিটনেস বিহীন কার্গো জাহাজ পশুর নদীতে চালানোর জন্য যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের কার্যক্রম চলমান। বন্দরের হারবারিয়াস্থ ভিটিএমআইএস এর মাধ্যমে ডুবে যাওয়া জাহাজের অবস্থান সার্বক্ষণিক তদারকি করা হচ্ছে।

স্বাক্ষরিত/-
মো: মাকরুজ্জামান
উপসচিব
মোংলা বন্দর কর্তৃপক্ষ